

নিৰ্দেশনা

5 নভেম্বৰৰ থেকে নতুন জাতীয় বিধিনিষেধসমূহ

নতুন জাতীয় বিধিনিষেধসমূহৰ ব্যাপারে তথ্য, যাতে অন্তর্ভুক্ত আছে বাসায় থেকে কাজ করা এবং ব্যবসা বন্ধ রাখা বলতে সেগুলো কী বোঝাচ্ছে, কেন সেগুলো চালু করা হচ্ছে এবং আর্থিক সহায়তা পাওয়া যাচ্ছে।

31 অক্টোবৰ 2020 তাৰিখে প্ৰকাশিত

শেষ আপডেট করা হয়েছে 3 নভেম্বৰ 2020 — [সব আপডেটগুলো দেখুন](#)

প্ৰেৰক:

[ক্যাবিনেট অফিস](#)

যাৰ জন্য প্ৰযোজ্য:

ইংল্যান্ড

বিষয়বস্তু

5 নভেম্বর থেকে জাতীয় বিধিনিষেধসমূহ

1. বাসায় থাকুন
2. অন্যদের সাথে নিরাপদে দেখা করা
3. কোথায় ও কখন আপনি বড় বড় গ্রুপে দেখা করতে পারেন
- 4 ব্যবসা এবং ভেন্যুসমূহ
- 5 বিবাহ/নিকা, সিভিল পার্টনারশিপ এবং অস্ত্যেষ্টিক্রিয়া
6. কাজে যাওয়া
7. শিক্ষা, স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়
8. শিশু পরিচর্যা এবং শিশুদের কার্যকলাপ
9. করোনাভাইরাসের বেশি ঝুঁকিতে রয়েছে এমন লোকজনকে রক্ষা করা
10. কেয়ার হোমে থাকা আত্মীয়দের দেখতে যাওয়া
11. ভ্রমণ করা
12. বাসা থেকে পুরো রাত বাইরে থাকা
13. বাড়ি বদলানো
14. আর্থিক সহায়তা

এই পৃষ্ঠাটি প্রিন্ট করুন

মনে রাখবেন - 'হাত। মুখ। দূরত্ব।':

- হাত – আপনার হাত নিয়মিত এবং 20 সেকেন্ড ধরে ধোনা
- মুখ – ঘরের ভেতরকার পরিবেশে মুখের আবরণ পরবেন, যেখানে সামাজিক দূরত্ব রাখা কঠিন, এবং যেখানে আপনি এমন ব্যক্তিদের সংস্পর্শে আসবেন যাদের সাথে আপনি সাধারণত মিলিত হন না।
- দূরত্ব – যেখানে সম্ভব, যাদের সাথে আপনি বাস করেন না এমন ব্যক্তিদের থেকে 2 মিটার বা অতিরিক্ত সতর্কতা যথাযথভাবে থাকলে (যেমন মুখের আবরণ পরা বা ঘরের ভিতরে বায়ুচলাচল বাড়ানো) 1 মিটার দূরত্ব বজায় রাখুন

5 নভেম্বর থেকে জাতীয় বিধিনিষেধসমূহ

যেখানে প্রযোজ্য: ইংল্যান্ড ([ওয়েলস](#), [স্কটল্যান্ড](#) এবং [নর্দার্ন আয়ারল্যান্ডের](#) জন্য নির্দেশনা দেখুন)

কোভিড-19 আক্রান্তের সংখ্যা সমগ্র ইউকে এবং অন্য দেশগুলোতে দ্রুত বেড়ে চলছে।

ভাইরাসের প্রাদুর্ভাব নিয়ন্ত্রণ করতে আমাদের এখনই পদক্ষেপ গ্রহণ করতে হবে।

করোনাভাইরাসের মোকাবিলা করতে আমরা সকলে সবচেয়ে গুরুত্বপূর্ণ যে একটি পদক্ষেপ নিতে পারি তা হল বাসায় থাকা, এনএইচএস-কে সুরক্ষিত করা আর জীবন বাঁচানো।

যখন আমরা অন্য ব্যক্তিদের সাথে দৈনন্দিন যোগাযোগ কমাই, তখন আমরা ভাইরাস ছড়িয়ে পড়া কমাতে পারি। এই জন্যই, বৃহস্পতিবার 5 নভেম্বর থেকে বুধবার 2 ডিসেম্বর পর্যন্ত, আপনি অবশ্যই:

1. নির্দিষ্ট উদ্দেশ্য ছাড়া বাসায় থাকুন।
2. নির্দিষ্ট উদ্দেশ্য ছাড়া আপনি যাদের সাথে বাস করেন না এমন ব্যক্তিদের সাথে দেখা করবেন না।
3. নির্দিষ্ট কিছু ব্যবসা এবং ভেন্যু বন্ধ রাখুন।

এই নতুন পদক্ষেপগুলো ভাইরাসের বৃদ্ধির হার কমাবে, যার ফলে:

- এনএইচএস-কে বিধ্বস্ত হওয়া থেকে আটকাবে
- নিশ্চিত করবে যে স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়গুলো যাতে খোলা থাকে
- নিশ্চিত করবে যে যথাসম্ভব বেশি সংখ্যক লোক যাতে কাজ করা চালিয়ে যেতে পারে।

বৃহস্পতিবার 5 নভেম্বর রাত 00.01 টা পর্যন্ত, আপনি যে এলাকায় বাস করেন সেখানে প্রাসঙ্গিক [লোকাল কোভিড অ্যালার্ট লেভেল](#)-এর পদক্ষেপগুলোর প্রয়োগ অব্যাহত থাকবে।

বৃহস্পতিবার 5 নভেম্বর রাত 00.01-র পরে থেকে আপনার এলাকার স্থানীয় বিধিনিষেধগুলোর স্থলে জাতীয় বিধিনিষেধগুলো প্রতিস্থাপন করা হবে।

নতুন নিয়মগুলো জাতীয়ভাবে বুধবার 2 ডিসেম্বর পর্যন্ত চার সপ্তাহের জন্য প্রযোজ্য হবে। এই সময়কালের শেষে আমরা সাম্প্রতিকতম তথ্যের ভিত্তিতে স্থানীয় কর্মপন্থায় ফিরে আসব।

এই নিয়মগুলো [আইন](#) দ্বারা সমর্থিত হবে। পুলিশ এবং অন্যান্য কর্তৃপক্ষগুলোর জরিমানা করা এবং ভিড় ছত্রভঙ্গ করার ক্ষমতা থাকবে।

আপনি [এনএইচএস কোভিড-19 অ্যাপ](#) ডাউনলোড করে বৃহস্পতিবার 5 নভেম্বর থেকে সাম্প্রতিকতম নির্দেশনা সম্বন্ধে জেনে আপনার বন্ধু এবং পরিবারবর্গকে সুরক্ষিত রাখায় সাহায্য করতে পারেন।

[সম্ভাব্য বা নিশ্চিত করোনাভাইরাস সংক্রমণ থাকা পরিবারগুলোর](#) জন্য একটি আলাদা নির্দেশনা আছে।

1. বাসায় থাকুন

নির্দিষ্ট কিছু উদ্দেশ্য ছাড়া আপনি অবশ্যই আপনার বাসার বাইরে যাবেন না বা থাকবেন না। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে:

কাজ এবং স্বেচ্ছাসেবা

আপনি কাজের উদ্দেশ্যে বা স্বেচ্ছাসেবী বা দাতব্য পরিষেবা প্রদান করতে বাসার বাইরে যেতে পারেন, যখন আপনি তা বাসা থেকে করতে পারেন না।

অপরিহার্য কার্যক্রমসমূহ

আপনি বাসা ছেড়ে যেতে পারেন খোলা থাকা দোকানে জিনিষপত্র কিনতে, যেমন খাবার এবং ওষুধ, বা কোনো বস্তু সংগ্রহ করতে - যাতে অন্তর্ভুক্ত আছে ক্লিক-অ্যান্ড-কালেক্ট এর মাধ্যমে বা টেকঅ্যাগুয়ে হিসেবে অর্ডার করা খাদ্য এবং পানীয়, অর্থ আনতে বা জমা দিতে, বা অত্যন্ত গুরুত্বপূর্ণ পাবলিক পরিষেবাগুলো ব্যবহার করতে (নিচের বিভাগটি দেখুন)।

আইনি বাধ্যবাধকতাগুলো পূরণ করা

এছাড়া আপনি হয়ত আইনি বাধ্যবাধকতাগুলো পূরণ করার জন্য, অথবা কোনো সম্পত্তি কেনা, বেচা, ভাড়া দেওয়া বা ভাড়া নেওয়া সম্পর্কিত কার্যকলাপ করার জন্য যেতে পারেন।

শিক্ষা এবং শিশু পরিচর্যা

আপনি শিক্ষা (আনুষ্ঠানিক ব্যবস্থা, সঙ্গীত বা নাট্য টিউশনের মত পাঠ্যক্রম বহির্ভূত ক্লাস নয়), প্রশিক্ষণ, নিবন্ধিত শিশু পরিচর্যা এবং সন্তানদের কার্যকলাপের জন্য বাসা ছেড়ে বাইরে যেতে পারেন, যা বাবা-মা/কেয়ারারদের জন্য কাজ করা, কাজ খোঁজা, বা শিক্ষা বা প্রশিক্ষণ গ্রহণ করার জন্য প্রয়োজন হয়। বাবা-মায়েরা এখনও তাদের সন্তানদের স্কুলে নিয়ে যেতে পারেন, এবং যেখানে বাবা-মা এবং সন্তানেরা আলাদা থাকেন সেখানে যোগাযোগ রাখার জন্য বর্তমান ব্যবস্থাগুলো চালিয়ে যেতে পারেন।

অন্যদের সাথে মিলিত হওয়া এবং পরিচর্যা

আপনি বাসা ছেড়ে যেতে পারেন আপনার [সাপোর্ট বাবল](#)-এ থাকা ব্যক্তিদের সাথে দেখা করার জন্য বা একটি শিশু পরিচর্যা বাবল-এর অধীনে 13 বছর বা তার কম বয়সী শিশুদের ঘরোয়া পরিচর্যা প্রদান করার জন্য, ক্ষতির সম্ভাবনা থাকা ব্যক্তিদের পরিচর্যা প্রদান করার জন্য, আপৎকালীন সহায়তা দেওয়ার জন্য, একটি সাপোর্ট গ্রুপে উপস্থিত থাকার জন্য (15 জন অবধি ব্যক্তি থাকা), বা অবকাশে পরিচর্যা গ্রহণ করার জন্য। এছাড়া মানুষ বাসার বাইরে ব্যায়াম করতে পারেন বা কোনো বাসার বাইরে জনগণের স্থানে যেতে পারেন (বিভাগ 3 দেখুন)।

চিকিৎসাগত কারণ, ক্ষতি এবং সহানুভূতি প্রদর্শনের সাক্ষাত।

আপনি কোনো চিকিৎসাগত কারণে বাসা ছেড়ে যেতে পারেন, যাতে অন্তর্ভুক্ত আছে কোভিড-19 পরীক্ষা করানো, সাক্ষাৎ বা আপৎকালীন পরিস্থিতি, জন্ম দিচ্ছেন বা মৃত্যুশয্যায় আছেন এমন ব্যক্তিকে দেখতে যাওয়া, আঘাত বা ক্ষতির ঝুঁকি এড়ানো বা পালানো (যেমন পারিবারিক সহিংসতা), কোনো কেয়ার হোম (যদি তা কেয়ার হোমের নির্দেশনায় অনুমোদিত হয়), অনাথালয়, হাসপাতালে কাউকে দেখতে যাওয়া, তাদের কোনো চিকিৎসাগত সাক্ষাতে তাদের সাথে যাওয়া বা ভেট-এর (বা অন্য পশু কল্যাণ পরিষেবাগুলোর) কাছে যাওয়া।

অনুষ্ঠানসমূহ

আপনি কোনো উপাসনার স্থানে ব্যক্তিগত প্রার্থনার জন্য, মৃত্যু হয়েছে এমন কোনো ব্যক্তির জন্য অন্ত্যেষ্টিক্রিয়া বা সংশ্লিষ্ট অনুষ্ঠানের জন্য, কোনো কবর বা স্মৃতি উদ্যানে, বা মৃত্যুপথযাত্রীর জন্য, বিবাহ/নিকার জন্য বাসা ছেড়ে যেতে পারেন। কী কী অনুমোদিত তার একটি পূর্ণ তালিকা [নিয়মাবলীতে](#) পাওয়া যেতে পারে।

2. অন্যদের সাথে নিরাপদে দেখা করা

সাধারণভাবে, আপনি কারোর সাথে সামাজিকভাবে দেখা করবেন না। তবে, আপনি যাদের সাথে থাকেন, আপনার [সাপোর্ট বাবল](#) (বা শিশু পরিচর্যার বাবল-এর অংশ হিসেবে), বা অন্য একজন ব্যক্তির সাথে ব্যায়াম করতে পারেন বা একটি পাবলিক স্থানে, বাসার বাইরে দেখা করতে পারেন। আপনার বাসার বাইরে ব্যয় করা সময় আপনাকে কমিয়ে আনতে হবে। যখন অন্য ব্যক্তিদের আশেপাশে থাকবেন, তখন আপনার পরিবারের নয় এমন কারোর থেকে 2 মিটার দূরত্ব রাখবেন -যার অর্থ হল যে ব্যক্তির সাথে বাস করেন - বা আপনার সাপোর্ট বাবল-এ আছেন। যেখানে এটা সম্ভব নয়, অতিরিক্ত সতর্কতার সাথে 1 মিটার দূরে থাকুন (যেমন [মুখের আবরণ](#) পরে)।

যদি না তারা আপনার বাসা বা সাপোর্ট বাবল-এর অংশ হন, তাহলে আপনি অবশ্যই পরিবার বা বন্ধুদের সাথে সামাজিকভাবে বাসার ভিতরে দেখা করবেন না।

একটি [সাপোর্ট বাবল](#) হল যেখানে একজন প্রাপ্তবয়স্ক থাকা একটি পরিবার অন্য একটি পরিবারের সাথে যোগ দেয়। সেই সাপোর্ট বাবল-এ থাকা বাসিন্দারা এ সম্বন্ধেও এক অপরের সাথে দেখা করতে আসতে পারেন, একে অপরের বাসায় রাতে থাকতে পারেন, এবং একসাথে বাসার বাইরের পাবলিক প্লেসগুলোতে যেতে পারেন।

আপনি এই ব্যক্তিদের সাথে ব্যায়াম করতে পারেন বা বাসার বাইরে পাবলিক প্লেসগুলোতে যেতে পারেন:

- যে ব্যক্তিদের সাথে আপনি বাস করেন
- আপনার সাপোর্ট বাবল
- বা, আপনি যখন একা থাকবেন, অন্য বাসা থেকে 1 জন ব্যক্তি। 5 বছরের কম বয়সী শিশু, এবং সারা দিনের পরিচর্যায় থাকা অক্ষম ব্যক্তিদের বাইরে দেখা করা দুই ব্যক্তির সীমায় ধরা হয় না।

জাতীয় বিধিনিষেধের সময়কালে কী কী ব্যায়াম এবং অন্য শারীরিক কার্যকলাপ চলতে পারে সে বিষয়ে আরো নির্দেশনা আছে।

বাসার বাইরে পাবলিক প্লেসগুলোর মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- পাড়ার রাস্তা, পার্ক, সমুদ্রতট, এবং পল্লী অঞ্চল
- পাবলিক গার্ডেন এবং মাঠ (আপনাকে সেখানে ঢুকতে অর্থ দিতে হোক বা না হোক)
- অ্যালোটমেন্টস
- বাসার বাইরে খেলার মাঠ

আপনি কোনো প্রাইভেট বাগানে কারোর সাথে দেখা করতে পারবেন না, যদি না আপনি তাদের সাথে থাকেন বা তাদের সাথে একটি সাপোর্ট বাবল তৈরি করেছেন।

[মুখের আবরণ](#) আইনত প্রয়োজনীয় যা অনেক অভ্যন্তরস্থ পরিবেশে পরতে হবে, যেমন দোকান বা উপাসনার স্থান যেখানে সেগুলো খোলা থাকবে, এবং পাবলিক ট্রান্সপোর্টে।

3. কোথায় ও কখন আপনি বড় বড় গ্রুপে দেখা করতে পারেন

তবুও পরিস্থিতি হতে পারে যেখানে আপনাকে আপনার বাসা বা সাপোর্ট বাবল-এর বাইরে অন্যদের সাথে বড় বড় গ্রুপে মিলিত হওয়ার অনুমতি দেওয়া হয়, কিন্তু তা সামাজিক মেলামেশার জন্য হতে পারবে না। এই পরিস্থিতিগুলোর পূর্ণ তালিকা [নিয়মাবলীতে](#) পাওয়া যেতে পারে।

- মুখ্য কারণগুলো হল কাজ, স্বেচ্ছাসেবী বা দাতব্য পরিষেবা, এবং আনুষ্ঠানিক শিক্ষা বা প্রশিক্ষণের জন্য (পাঠ্যক্রমের বাইরের ক্লাসের জন্য নয়)। এতে অন্তর্ভুক্ত যেখানে আপনি আইনি বাধ্যবাধকতা পূরণ করছেন। এছাড়া যেখানে অত্যাবশ্যক সেখানে অন্য ব্যক্তিদের বাসায় কাজ অন্তর্ভুক্ত হতে পারে - উদাহরণস্বরূপ, ন্যানি, ক্লিনার বা কারিগরদের জন্য। যেখানে কাজের মিটিং কোনো প্রাইভেট বাসা বা বাগানে হওয়ার প্রয়োজন নেই, সেখানে তা করা উচিত নয় - উদাহরণস্বরূপ, যদিও আপনি একজন ব্যক্তিগত প্রশিক্ষকের সাথে দেখা করতে চান, আপনার তা বাসার বাইরে পাবলিক প্লেসে তা করা উচিত।
- সাপোর্ট গ্রুপগুলো যা ব্যক্তিগতভাবে প্রদান করতে হবে তাতে 15 জন পর্যন্ত অংশগ্রহণকারী কাজ চালিয়ে যেতে পারে, যেখানে পারস্পরিক সহায়তা, চিকিৎসা বা অন্য কোন রকমের সহায়তা প্রদান করার জন্য তা আনুষ্ঠানিকভাবে আয়োজন করা হয়। এতে অন্তর্ভুক্ত, কিন্তু সীমিত নয়, অপরাধের ভুক্তভোগীদের সহায়তা, মাদক এবং মদ আসক্তি থেকে সেরে ওঠা ব্যক্তি, নতুন বাবা-মা এবং অভিভাবকগণ, দীর্ঘমেয়াদী রোগে ভোগা ব্যক্তির, তাদের যৌনতা বা লিঙ্গের বিষয়ে সমস্যার সম্মুখীন হওয়া ব্যক্তির, এবং যারা মৃত্যুশোক পেয়েছেন, এবং ক্ষতির সম্ভাবনা থাকা অল্পবয়সী ব্যক্তির, অল্পবয়সী কর্মীদের সাথে তাদের দেখা করা সহ।
- বাবা-মা এবং সন্তানদের গ্রুপগুলো কাজ চালিয়ে যেতে পারে যেখানে তারা বাবা-মা এবং/অথবা সন্তানদের সহায়তা প্রদান করে, এবং 5 বছরের কম বয়সী শিশুদের 15জনের সীমার মধ্যে গণনা করা হবে না - যার অর্থ হল বাবা-মা এবং কেয়ারাররা বড় সংখ্যায় এই ধরনের গ্রুপে উপস্থিত থাকতে পারেন।
- অন্ত্যেষ্টিক্রিয়া এবং কিছু বিবাহ/নিকাহ চলতে পারে, যেমন নিচে জানানো হয়েছে।

4 ব্যবসা এবং ভেন্যুসমূহ

ব্যবসা এবং ভেন্যুগুলো যা অবশ্যই বন্ধ রাখতে হবে

সামাজিক যোগাযোগ এড়াতে, সরকার কিছু ব্যবসা এবং ভেন্যু যেভাবে তাদের পণ্য এবং পরিষেবা প্রদান করে তা বন্ধ করতে বা বাধানিষেধের আওতায় আনতে আদেশ দিয়েছেন। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- অপরিহার্য নয় এমন খুচরো বিক্রয় যেমন পোশাক এবং গৃহস্থালি দ্রব্যের দোকান, গাড়ির শোরুম (গাড়ি ভাড়া ছাড়া), বাজি ধরার দোকান, দর্জি, তামাক এবং ভেপ-এর দোকান, ইলেক্ট্রনিক সামগ্রী এবং মোবাইল ফোনের দোকান, এবং অপরিহার্য নয় এমন জিনিস বিক্রি করা বাজারের স্টল। এই ভেন্যুগুলো ক্লিক-অ্যান্ড-কালেক্ট (যেখানে সামগ্রী আগে অর্ডার করা হয় এবং অবস্থান থেকে সংগ্রহ করা হয়) এবং ডেলিভারি পরিষেবা হিসাবে কাজ করা চালিয়ে যেতে পারে
- আতিথেয়তার ভেন্যু যেমন ক্যাফে, রেস্টুরেন্ট, পাব, বার এবং সোশাল ক্লাব; ব্যতিক্রম হল টেকঅ্যাওয়ারের জন্য খাবার এবং পানীয় (রাত 10টার আগে এবং এতে মদ অন্তর্ভুক্ত নয়), ক্লিক-অ্যান্ড-কালেক্ট, ড্রাইভ-থ্রু বা ডেলিভারি।
- থাকার জায়গা যেমন হোটেল, হোস্টেল, অতিথিশালা এবং ক্যাম্পসাইট। নির্দিষ্ট পরিস্থিতি ছাড়া যেখানে সেগুলো তা কারোর প্রধান বাসস্থান হিসাবে কাজ করে, যেখানে তারা বাসায় ফিরতে পারে না, গৃহহীন মানুষ, বা যেখানে সেই স্থানে কাজের জন্য বাস করা অপরিহার্য।
- অবকাশ বিনোদন এবং খেলার স্থান যেমন অবকাশ বিনোদনের কেন্দ্র এবং জিম, সাঁতার কাটার পুল, টেনিস এবং বাস্কেটবল কোর্ট, গলফ কোর্স, ফিটনেস এবং নাচের স্টুডিও, চড়ার দেওয়াল, তীরন্দাজী, গাড়ি চালানো এবং শুটিং রেঞ্জ।
- বিনোদনের স্থান যেমন থিয়েটার, কনসার্ট হল, সিনেমা, মিউজিয়াম এবং গ্যালারি, ক্যাসিনো, অ্যামিউজমেন্ট আর্কেড, বিঙ্গো হল, বোলিং অ্যালি, স্কেটিং রিঙ্ক, গো-কার্টিং-এর স্থান, সফট প্লে সেন্টার এবং এলাকাগুলো, সার্কাস, ফানফেয়ার,

চিড়িয়াখানা এবং অন্য প্রাণী বিষয়ক আকর্ষণ, ওয়াটার পার্ক, থিম পার্ক। অভ্যন্তরস্থ আকর্ষণ যেমন বোটানিক্যাল গার্ডেন, হেরিটেজ হোম এবং দর্শনীয় স্থানগুলোও বন্ধ করতে হবে, যদিও এই প্রাঙ্গণের বাইরের স্থানগুলো খোলা রাখা যেতে পারে।

- ব্যক্তিগত পরিচর্যার ব্যবস্থা যেমন চুল, সৌন্দর্য, ট্যানিং এবং নখের সেলুন। ট্যাটু পার্কার, স্পা, ম্যাসাজ পার্কার, শরীর এবং স্বকে ফুটো করার পরিষেবাগুলোও অবশ্যই বন্ধ করতে হবে। অন্য ব্যক্তির বাসাতেও এই পরিষেবাগুলো প্রদান করা নিষিদ্ধ।
- কমিউনিটি সেন্টার এবং হলগুলিও বন্ধ করতে হবে যার ব্যতিক্রম হল ছাড় দেওয়া সীমিত কিছু কার্যকলাপ যা নিচে দেওয়া হয়েছে। আইটি এবং ডিজিটাল পরিষেবা প্রদান করার জন্য লাইব্রেরিগুলোও খোলা থাকতে পারে - উদাহরণস্বরূপ সেই ব্যক্তিদের জন্য যাদের বাসায় এই ব্যবস্থা নেই - এবং ক্লিক-অ্যান্ড কালেক্টের জন্য।
- স্বাধীনভাবে প্রার্থনা, এবং পরিষেবা সম্প্রচার এবং অন্ত্যেষ্টিক্রিয়া ছাড়া উপাসনার স্থান।

এছাড়া এই ব্যবসা এবং স্থানগুলোকে অল্পসংখ্যক ছাড় দেওয়া ক্রিয়াকলাপের জন্য খোলা রাখতে পারা যাবে, যাতে অন্তর্ভুক্ত আছে:

- শিক্ষা এবং প্রশিক্ষণ (যাতে অন্তর্ভুক্ত স্কুলের জন্য ক্রীড়া এবং অবকাশের সুবিধাগুলো ব্যবহার করা যেখানে তা তাদের স্বাভাবিক ব্যবস্থার অংশ)
- শিশু পরিচর্যার উদ্দেশ্যে এবং শিশুদের জন্য তত্ত্বাবধান করা ক্রিয়াকলাপের জন্য
- রক্তদান এবং খাবারের ব্যাঙ্ক
- চিকিৎসা প্রদান করার জন্য
- অভিজাত ক্রীড়া ব্যক্তিত্ব (বাসার ভিতরে এবং বাইরে খেলার সুবিধাগুলোতে), পেশাদার নৃত্যশিল্পী এবং কোরিওগ্রাফারদের (ফিটনেস এবং নাচের স্টুডিওতে) জন্য

- কোন দর্শক ছাড়া প্রশিক্ষণ এবং মহড়ার জন্য (থিয়েটার এবং কনসার্ট হলগুলোতে)
- পেশাদার ফিল্ম এবং টিভির ফিল্মের কাজের জন্য

যে ব্যবসা আর ভেন্যুগুলো খোলা থাকতে পারে

অন্য ব্যবসাগুলো কোভিড-19 সুরক্ষা নির্দেশনাগুলো মেনে খোলা থাকতে পারে। এতে আছে যেগুলো অপরিহার্য পণ্য বা পরিষেবা প্রদান করে, যাতে অন্তর্ভুক্ত আছে:

- অপরিহার্য খুচরো বিক্রেতা যেমন খাবারের দোকান, সুপারমার্কেট, ফার্মাসি, বাগানের কেন্দ্র, হার্ডওয়্যারের দোকান, বিল্ডিং মার্চেন্ট এবং অফ-লাইসেন্সসমূহ।
- পেট্রোল স্টেশন, গাড়ি মেরামত এবং মোটর পরিষেবাগুলো, বাইসাইকেলের দোকান, এবং ট্যাক্সি আর গাড়িভাড়া করার ব্যবসাগুলো।
- ব্যাংক, বিল্ডিং সোসাইটি, পোস্ট অফিস, ঋণ প্রদানকারী এবং অর্থ স্থানান্তরের ব্যবসাগুলো
- অন্ত্যেষ্টিক্রিয়ার পরিচালক
- লভ্বেট এবং ড্রাই ক্লিনার
- চিকিৎসাগত এবং দত্তবিষয়ক পরিষেবা
- পশুচিকিৎসক এবং পোষা প্রাণীর দোকান
- কৃষিপণ্য সরবরাহের দোকানগুলো
- সংরক্ষণ এবং বিতরণ কেন্দ্রগুলো
- গাড়ির পার্কিং, পাবলিক টয়লেট এবং মোটরওয়ে পরিষেবার ক্ষেত্রগুলো
- বাসার বাইরে খেলার মাঠ

পাবলিক পরিষেবাগুলো

বেশির ভাগ পাবলিক পরিষেবাগুলো চালু থাকবে এবং আপনি সেগুলোতে যাবার জন্য বাসা ছেড়ে যেতে পারবেন। এর মধ্যে অন্তর্ভুক্ত আছে:

- জিপি এবং দল্টিচিকিৎসকের মত এনএইচএস এবং চিকিৎসাগত পরিষেবা আমরা এনএইচএস-কে সহায়তা করছি জরুরি এবং জরুরি নয় এমন পরিষেবাগুলো সুরক্ষিতভাবে চালিয়ে যেতে এবং এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ যে কেউ যদি মনে করেন যে তার কোনো ধরনের চিকিৎসাগত পরিচর্যার প্রয়োজন তাহলে তিনি যেন এগিয়ে আসেন এবং সাহায্য চান।
- জবসেন্টার প্লাস সাইটগুলো
- আদালত এবং প্রবেশন সার্ভিসেস
- সিভিল নিবন্ধনের অফিসগুলো
- পাসপোর্ট এবং ভিসা পরিষেবা
- ভুক্তভোগীদের প্রতি প্রদান করা পরিষেবাসমূহ
- বর্জ্য এবং রিসাইকেল কেন্দ্রগুলো

5 বিবাহ/নিকা, সিভিল পার্টনারশিপ এবং অন্তেষ্টিক্রিয়া

অন্তেষ্টিক্রিয়ায় সর্বাধিক 30 জন ব্যক্তি উপস্থিত থাকতে পারবে। সংযুক্ত উদযাপনমূলক অনুষ্ঠানগুলো যেমন কবর ফলক স্থাপন এবং ছাই উড়িয়ে দেওয়াও চালু থাকতে পারে সর্বাধিক 15 জনের উপস্থিতি সহ। কাজ করা কাউকে 15 বা 30 জনের মধ্যে ধরা হবে না। যে ব্যক্তির একসাথে বাস করেন না বা একটি সাপোর্ট বাবল শেয়ার করেন না তাদের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে।

বিবাহ এবং সিভিল পার্টনারশিপের অনুষ্ঠানগুলোর অনুমতি দেওয়া হবে না যদি না বিবাহ করা একজন গুরুতরভাবে অসুস্থ থাকেন এবং তার সেরে ওঠার প্রত্যাশা নেই ('মরণাপন্নের বিবাহ') এই বিবাহ/নিকাহগুলো 6 জন পর্যন্ত ব্যক্তিতে সীমিত রাখতে হবে।

6. কাজে যাওয়া

ভাইরাসের প্রভাববিস্তার রোধ করার জন্য, যারা কার্যকরভাবে বাসা থেকে কাজ করতে পারেন, তাদের অবশ্যই তা করতে হবে। যেখানে মানুষ তা করতে পারবেন না - যাতে অন্তর্ভুক্ত কিন্তু সীমিত নয়, অত্যন্ত গুরুত্বপূর্ণ জাতীয় পরিকাঠামো, নির্মাণ, বা উৎপাদনে কাজ করা ব্যক্তির - এরা তাদের কাজের স্থানে যাওয়া চালিয়ে যেতে পারেন। বিভিন্ন সেক্টর এবং নিয়োগকারীদের সহায়তা করা এবং দেশকে চালু রাখার জন্য এটা অপরিহার্য।

অপরিহার্য পরিষেবা যেমন শিশু পরিচর্যা বা শিক্ষায় কাজ করা পাবলিক সেক্টরের কর্মীরা কাজে যাওয়া চালিয়ে যেতে পারেন।

এছাড়া যেখানে অন্য ব্যক্তিদের বাসায় কাজ করা আবশ্যিক - উদাহরণস্বরূপ, ন্যানি, ক্লিনার বা কারিগরদের জন্য - সেখানে আপনি তা করতে পারেন।

সংক্রমণের ঝুঁকি যথেষ্ট পরিমাণে কমানো যায় যদি [কোভিড-19 সুরক্ষা নির্দেশনাগুলো](#) ঘনিষ্ঠভাবে মেনে চলা হয়। উচ্চতর ঝুঁকিতে থাকা লোকজনদেরকে অতিরিক্ত গুরুত্ব দেওয়া উচিত।

7. শিক্ষা, স্কুল, কলেজ এবং বিশ্ববিদ্যালয়

স্কুল, কলেজ আর বিশ্ববিদ্যালয়গুলো খোলা থাকবে। সরকার আমার অল্পবয়সী ব্যক্তিদের কল্যাণ এবং দীর্ঘমেয়াদী ভবিষ্যতকে অগ্রাধিকার দেবেন এবং মূল শিক্ষার ব্যবস্থাগুলোকে বন্ধ করবেন না, যেমন খুব ছোট বয়সের ব্যবস্থা, স্কুল, কলেজ, বিশ্ববিদ্যালয় এবং বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্রগুলো। শিশু এবং অল্পবয়সী ব্যক্তিদের উপস্থিত থাকা গুরুত্বপূর্ণ থাকবে, তাদের কল্যাণের এবং শিক্ষার সহায়তার জন্য এবং চাকুরীজীবী বাবা-মা এবং অভিভাবকদের সহায়তা করতে। সিনিয়র ক্লিনিশিয়ানেরা এখনও পরামর্শ দেন স্কুল হল বাচ্চাদের যাওয়ার সেরা স্থান, এবং তাদের স্কুলে যাওয়া চালিয়ে যেতে হবে। তাদের সুরক্ষিত রাখতে স্কুলগুলো বিভিন্ন সুরক্ষা পদক্ষেপ সম্পন্ন করেছে। যারা বাসায় থেকে স্কুলের শিক্ষা লাভ করেন, সেই শিক্ষার্থীরা তা সত্বেও কমিউনিটি সেটিংয়ে শিক্ষা ও প্রশিক্ষণ লাভ করতে পারেন যেখানে উপযুক্ত পূর্ণ-সময়ের শিক্ষার প্রয়োজন থাকে।

সরকার স্পষ্টভাবে স্থির করেছেন যে পরীক্ষাগুলো পরবর্তী গরমকালে অনুষ্ঠিত হবে, কারণ কোনো শিক্ষার্থীর শিক্ষা অর্জন পরিমাপের এটাই হল সবচেয়ে ন্যায্য এবং সবচেয়ে নির্ভুল উপায়। তাই আমাদের স্কুল এবং কলেজগুলো খোলা রাখা প্রয়োজন যাতে বাচ্চারা তাদের পরীক্ষাগুলোর দিকে শিক্ষা ও চাকরির পরবর্তী পর্যায়ের দিকে এগিয়ে যেতে পারে। শিক্ষার্থীদের এখন পরের বছর তাদের পরীক্ষার জন্য তৈরি হওয়ার আরো সময় আছে, কারণ বেশির ভাগ এএস, এ লেভেল এবং জিসিএসই মহামারীটি দ্বারা সৃষ্ট বিপর্যয় মোকাবিলা করার জন্য ৩ সপ্তাহ পরে অনুষ্ঠিত হবে।

বিশ্ববিদ্যালয়গুলো শিক্ষার্থীদের ফিরে আসতে স্বাগত জানিয়েছে এবং আমরা [বিশ্ববিদ্যালয়গুলো পুনরায় খোলার বিষয়ে নির্দেশনা জারি করেছি](#) নিশ্চিত করতে যে ভাইরাসটি ছড়িয়ে পড়া কমাতে তারা নিরাপত্তার পদক্ষেপগুলো নিয়েছে। বিশ্ববিদ্যালয় এবং প্রাপ্তবয়স্কদের ব্যবস্থাগুলোকে যেখানে সম্ভব অনলাইন শিক্ষার এক বৃহত্তর স্তরে নিয়ে যাওয়ার বিষয়ে বিবেচনা করতে হবে।

আরো বিধিনিষেধ যথাস্থানে আছে:

- যদি আপনি বিশ্ববিদ্যালয়ে বাস করেন, তাহলে টার্ম চলাকালীন আপনার স্থায়ী বাসা আর ছাত্রাবাসের মধ্যে আসা যাওয়া করা যাবে না। আপনাকে শুধু টার্মের শেষে বাসায় ফিরতে হবে। আমরা শীঘ্রই আরো নির্দেশনা প্রকাশ করব কিভাবে টার্মের শেষে শিক্ষার্থীরা সুরক্ষিতভাবে বাসায় ফিরতে পারেন সে বিষয়ে।
- পাঠ্যক্রম বহির্ভূত উদ্দেশ্যে প্রশিক্ষণ আয়োজন করা যাবে না, যেমন ক্লাবের অংশ হিসাবে। বাচ্চাদের জন্য ব্যবস্থা করা কার্যকলাপগুলো যেখানে এগুলো বাচ্চাদের পরিচর্যা কাজ করে যাতে বাবা-মা কাজে যাওয়া চালিয়ে যেতে পারেন

8. শিশু পরিচর্যা এবং শিশুদের কার্যকলাপ

জাতীয় বিধিনিষেধের সময় বিভিন্ন উপায় আছে যার মাধ্যমে বাবা-মা এবং কেয়ারাররা শিশু পরিচর্যা চালিয়ে যেতে পারেন।

- খুব ছোট বেলার ব্যবস্থা (আর্লি সেটিংস) এবং চাইল্ডমাইন্ডারস খোলা থাকে, এবং আপনি স্বাভাবিকের মত এই ব্যবস্থাগুলো ব্যবহার করা চালিয়ে যেতে পারেন।
- আপনি অন্য শিশু পরিচর্যার কার্যকলাপ (রেপঅ্যারাউন্ড কেয়ার সহ) ব্যবহার করতে পারেন যেখানে তা বাবা-মার কাজ করা, শিক্ষা বা প্রশিক্ষণ নেওয়া, বা কেয়ারারদের জন্য বিরতিকালীন পরিচর্যা পাওয়ার উদ্দেশ্যে যুক্তিসঙ্গতভাবে প্রয়োজনীয় হয়।
- ন্যানিরা পরিষেবা প্রদান করা চালিয়ে যাবেন, যাতে বাসায় পরিষেবা অন্তর্ভুক্ত

- যদি শিশুটি 13 বছর বা তার কম বয়সী হয় তাহলে বাবা-মায়েরা আরেকটি পরিবারের সাথে ঘরোয়া শিশু পরিচর্যার জন্য একটি চাইল্ডকেয়ার বাবল তৈরি করতে পারেন।
- কিছু পরিবার একটি [সাপোর্ট বাবল-এ](#) থাকার কারণে লাভবান হতে সক্ষম হবে, যা একজন প্রাপ্তবয়স্ক থাকা পরিবারকে অন্য একটি পরিবারের সাথে যোগ দেওয়ার অনুমতি দেয়

কিছু যুববয়সীদের পরিষেবা চালু থাকতে পারছে, যেমন 1-1 যুববয়সীদের কাজ ও সহায়তার গ্রুপগুলো, কিন্তু বেশিরভাগ যুব ক্লাব ও গ্রুপগুলো এই সময় বন্ধ করার প্রয়োজন হবে।

9. করোনাভাইরাসের বেশি ঝুঁকিতে রয়েছে এমন লোকজনকে রক্ষা করা

যদি আপনার 60-র বেশি বয়স হয় বা আপনার চিকিৎসাগতভাবে ক্ষতির সম্ভাবনা থাকে, তাহলে আপনার করোনাভাইরাস থেকে তীব্র অসুস্থতার আরো বেশি ঝুঁকি থাকে। আপনি:

- নিয়ম পালন করতে আর অন্যদের সাথে আপনার সংযোগ কমাতে বিশেষভাবে যত্নবান হবেন।
- সাধারণের চেয়ে আরো যত্নের সাথে এবং ঘনঘন আপনার হাত ধোওয়া চালিয়ে যাবেন এবং আপনার বাসা এবং/বা কর্মস্থানে প্রায়ই স্পর্শ করা স্থানগুলো ভালোভাবে পরিষ্কার করা বজায় রাখবেন।

চিকিৎসাগতভাবে ক্ষতি হতে পারে এমন ব্যক্তি হবেন তারা:

- যাদের বয়স 70 বা তার বেশি (চিকিৎসাগত অবস্থা নির্বিশেষে)
- বয়স 70 বছরের কম যার আরো কোনো অন্তর্নিহিত স্বাস্থ্যের সমস্যা আছে যার তালিকা নিচে দেওয়া হয়েছে (যা হল, এমন কোনো ব্যক্তি যাকে প্রতি বছর স্বাস্থ্যগত কারণে একটি ফ্লু-এর টিকা নিতে বলা হয়েছে):
 - দীর্ঘমেয়াদী মৃদু থেকে মাঝারি শ্বাসজনিত রোগ, যেমন হাঁপানি, ক্রনিক অবস্ট্রাকটিভ পালিমোনারি ডিজিজ (সিওপিডি), এমফাইসেমা বা ব্রঙ্কাইটিস
 - দীর্ঘমেয়াদী হার্টের রোগ, যেমন হার্ট ফেলিওর
 - দীর্ঘমেয়াদী কিডনির রোগ
 - দীর্ঘমেয়াদী লিভারের রোগ, যেমন হেপাটাইটিস
 - দীর্ঘমেয়াদী স্নায়ুর অসুখ, যেমন পার্কিনসন্স ডিজিজ, মোটর নিউরন ডিজিজ, মাল্টিপল স্কেলরোসিস (এমএস) বা সেরিব্রাল প্যালসি
 - ডায়াবেটিস
 - একটি দুর্বল রোগ প্রতিরোধ ব্যবস্থা যার কারণ হল কিছু অবস্থা বা তাদের নেওয়া ওষুধগুলো (যেমন স্টেরয়েড ট্যাবলেট)
 - গুরুতরভাবে ওজন বেশি হওয়া (40 বা তার বেশির বডি মাস ইনডেক্স (বিএমআই))
- গর্ভবতী

আরেক দলের মানুষ আছে যাদের, চিকিৎসাগত কারণেই, করোনাভাইরাসে [চিকিৎসাগতভাবে ক্ষতির অত্যন্ত সম্ভাবনা থাকা ব্যক্তি](#) হিসেবে সংজ্ঞা দেওয়া হয় - যা হল কোনো নির্দিষ্ট গুরুতর স্বাস্থ্যের সমস্যায় থাকা ব্যক্তির। এই সময়কালে, আমরা চিকিৎসাগতভাবে ক্ষতির অত্যন্ত সম্ভাবনা থাকা ব্যক্তিদের বাসা থেকে কাজ করতে বলছি। যদি আপনি বাসা থেকে কাজ করতে না পারেন, আপনাকে কাজে না যেতে পরামর্শ দেওয়া হচ্ছে এবং আপনি হয়ত স্ট্যাটুটরি সিক পে (এসএসপি) বা এমপ্লয়মেন্ট সাপোর্ট অ্যালায়েন্স (ইএসএ)-র জন্য যোগ্য হতে পারেন।

আপনাকে যথাসম্ভব বাসায় থাকতে পরামর্শ দেওয়া হচ্ছে, কিন্তু ব্যায়ামের জন্য বাইরে যেতে উৎসাহ দেওয়া হচ্ছে। [সম্পূর্ণ নির্দেশনা](#) দেওয়া আছে এবং সরকার থেকে চিকিৎসাগতভাবে ক্ষতির অত্যন্ত সম্ভাবনা থাকা ব্যক্তিদের প্রত্যেকের কাছে বিশদ পরামর্শ দিয়ে লেখা হবে যখন নতুন বিধিনিষেধগুলো শুরু হবে।

10. কেয়ার হোমে থাকা আত্মীয়দের দেখতে যাওয়া

কেয়ার হোমে সাক্ষাতের বিষয়ে নির্দেশনা মঙ্গলবারের আগে প্রকাশিত হবে। এখনকার জন্য, [আপনাকে বর্তমান নির্দেশনা মেনে চলতে হবে।](#)

11. ভ্রমণ করা

যদি আপনি ইংল্যান্ডে বাস করেন, আপনি বিদেশে বা ইউকে-র মধ্যে ভ্রমণ করতে পারবেন না, যদি না তা কাজ, শিক্ষা বা কোনো আইনত অনুমোদিত কারণে হয়, এবং আপনাকে আপনার করা যাত্রার সংখ্যা কমানোর চেষ্টা করতে হবে। কিন্তু এছাড়া আপনি এসবের অনেকগুলো কারণে যাত্রা করতে পারেন, যাতে অন্তর্ভুক্ত আছে:

- কাজের জন্য যাত্রা করা যেখানে তা বাসা থেকে করা যাচ্ছে না
- শিক্ষা এবং পরিচর্যার দায়িত্বের কারণে যাত্রা করা
- আপনার সাপোর্ট বাবল - বা শিশু পরিচর্যার জন্য আপনার চাইল্ডকেয়ার বাবল-এ থাকা ব্যক্তিদের সাথে সাক্ষাতের জন্য
- হাসপাতাল, জিপি এবং অন্য চিকিৎসাগত সাক্ষাতের জন্য বা সেইসব ভিজিট যেখানে আপনার দুর্ঘটনা ঘটেছে এবং আপনি আপনার স্বাস্থ্যের বিষয়ে চিন্তিত
- এমন জায়গা থেকে পণ্য বা পরিষেবাগুলো ক্রয় করতে যা খোলা আছে, যাতে অন্তর্ভুক্ত আছে প্রয়োজনীয় খুচরো বিক্রয়ের স্থান

- বাসার বাইরে সময় কাটাতে বা ব্যায়াম করতে - এটা যেখানে সম্ভব স্থানীয়ভাবে করতে হবে, কিন্তু প্রয়োজন হলে আপনি তা করার জন্য যাত্রা করতে পারেন (উদাহরণস্বরূপ, কোনো খোলা স্থানে যেতে)
- কোনো পোষা প্রাণীর পরিচর্যা বা ব্যায়াম করানোতে, বা পশুচিকিৎসক পরিষেবাগুলো

যদি আপনার যাত্রা করার প্রয়োজন হয় আমরা আপনাকে যেখানে সম্ভব হাঁটতে বা সাইকেল চালিয়ে যেতে উৎসাহ দিই, এবং আগে থেকে পরিকল্পনা করার মাধ্যমে পাবলিক পরিবহনে ব্যস্ত সময় এবং রুটগুলো এড়িয়ে চলতে বলি। ভ্রমণ করার সময় এটি আপনাকে সামাজিক দূরত্ব বজায় রাখার অনুশীলন করার সুযোগ দেবে।

যদি আপনার কোনো করোনাভাইরাসের উপসর্গ দেখা দেয়, করোনাভাইরাসের উপসর্গগুলোর জন্য নিজেকে আলাদা রাখছেন, উপসর্গ থাকা কারোর সাথে বাসা বা সাপোর্ট বাবল শেয়ার করছেন, বা এনএইচএস টেস্ট অ্যান্ড ট্রেস দ্বারা যোগাযোগ করার পরে আপনাকে নিজেকে আলাদা রাখতে বলা হয় তাহলে আপনি অবশ্যই যাত্রা করবেন না। নিজেকে আলাদা রাখার নিয়মগুলো ভঙ্গ করার জরিমানা £1,000 থেকে শুরু হয়। এটা পুনরাবৃত্তি করার অপরাধের এবং অত্যন্ত গুরুতর লঙ্ঘনের জন্য জন্য বেড়ে £10,000 পর্যন্ত হতে পারে, যাতে অন্তর্ভুক্ত অন্যদের নিজেকে আলাদা রাখায় বাধা দেওয়া।

যদি আপনার পাবলিক পরিবহন ব্যবহার করার প্রয়োজন হয় - উদাহরণস্বরূপ কর্মস্থানে যেতে - তাহলে আপনাকে [আরো সুরক্ষিত যাত্রার নির্দেশনা](#) মেনে চলতে হবে। এতে অন্তর্ভুক্ত মুখের আবরণ পরিধান করার নিয়মগুলো এবং [গাড়ি শেয়ার করার বিষয়ে পরামর্শ](#)।

যারা ইংল্যান্ডের ভিতরে ভ্রমণ করার পরিকল্পনা করছেন, তাদের বর্তমান [ট্র্যাভেল করিডরের তালিকা](#) দেখতে হবে এটা দেখতে যে আপনার 14 দিনের জন্য আলাদা থাকার প্রয়োজন আছে

কি না। যদি আপনার আলাদা থাকার প্রয়োজন নাও হয়, তাহলেও আপনাকে এখানে ঘোষণা করা বাধানিষেধগুলো মেনে চলতে হবে। যদি আপনার 2 ডিসেম্বরের আগে ইংল্যান্ড থেকে বিদেশে যাত্রা করার প্রয়োজন হয় (এবং তা করার আইনি অনুমতি আছে, উদাহরণস্বরূপ তা কাজের জন্য), যদিও আপনি এমন এক জায়গায় ফেরত যাচ্ছেন যেখানে আপনি আগে গিয়েছেন, আপনাকে আপনার গন্তব্যস্থানের নিয়মগুলো এবং [ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিস \(এফসিডিও\) এর যাত্রার পরামর্শ](#) দেখে নেওয়া উচিত।

বর্তমানে বিদেশে থাকা ইউকে-র বাসিন্দাদের অবিলম্বে দেশে ফেরার প্রয়োজন নেই। তবে, আপনার এয়ারলাইন বা ট্র্যাভেল অপারেটরের কাছ থেকে আপনার ফেরার ব্যবস্থাগুলো সম্বন্ধে জেনে নেওয়া উচিত।

12. বাসা থেকে পুরো রাত বাইরে থাকা

মুখ্য বাসস্থান থেকে বাইরে রাতভর থাকা এবং ছুটি কাটানোর অনুমতি দেওয়া হবে না- যাতে অন্তর্ভুক্ত ইউকে এবং বিদেশে ছুটি কাটানো। এতে অন্তর্ভুক্ত হল কোনো দ্বিতীয় বাসস্থান বা আপনার যদি কোনো ক্যারাভানের মালিক হন তাতে থাকা বা এমন কারোর সাথে থাকা যার সাথে আপনি বাস করেন না বা আপনার সাথে সাপোর্ট বাবল-এ নেই।

আপনার বাসা থেকে সারা রাত বাইরে থাকার আপনার অনুমতি আছে, যদি আপনি:

- আপনি আপনার মুখ্য বাসস্থানে ফেরত না আসতে পারেন
- বাসা বদলানোর সময় আপনার বাসস্থানের প্রয়োজন হয়
- কোনো অগ্ন্যেষ্টিক্রিয়া বা সংশ্লিষ্ট স্মৃতিরক্ষার অনুষ্ঠানে উপস্থিত থাকার জন্য আপনার বাসস্থানের প্রয়োজন হয়

- কাজের উদ্দেশ্যে বা স্বেচ্ছাসেবী পরিষেবা প্রদান করতে আপনার বাসস্থানের প্রয়োজন হয়
- আপনি যদি একটি শিশু হন যার স্কুল বা পরিচর্যার জন্য বাসস্থানের প্রয়োজন
- আপনি যদি গৃহহীন, আশ্রয় চাইছেন বা ক্ষতির সম্ভাবনা থাকা ব্যক্তি যিনি শরণার্থী
- আপনি একজন অভিজাত ক্রীড়াবিদ বা তাদের সাপোর্ট কর্মী বা বাবা-মা, যদি ক্রীড়াবিদের বয়স 18-র কম হয়

যদি এমন হয় যে আপনি ইতিমধ্যেই ছুটিতে ছিলেন, আপনাকে যত তাড়াতাড়ি বাস্তবিকভাবে সম্ভব বাসায় ফিরতে হবে এবং এই সময়ের মধ্যে আপনার ছুটির বাসস্থানে 'বাসায় থাকুন'-এর শর্তগুলো পূরণ করতে হবে।

অতিথিদের বাসস্থান প্রদানকারী যেমন হোটেল, বিঅ্যান্ডবি এবং ক্যারাভান পার্কগুলো আইনে ঘোষিত নির্দিষ্ট কিছু কারণে খোলা থাকতে পারে, যাতে অন্তর্ভুক্ত আছে যেখানে অতিথিরা তাদের মুখ্য বাসস্থানে ফেরত যেতে না পারেন, সেই অতিথি বাসস্থানটি তাদের মুখ্য বাসস্থান হিসেবে ব্যবহার করেন, বা অন্যথায় এই বাসস্থান বন্ধ করার ফলে গৃহহীন হয়ে পড়বেন। বাসস্থান প্রদানকারীদের এছাড়া লোকাল অথোরিটির সাথে সহযোগিতা করে কাজ করতে বলা হচ্ছে, যাতে তারা ক্ষতির সম্ভাবনা আছে এমন গোষ্ঠীগুলোকে বাসস্থান প্রদান করতে পারেন, যাতে অন্তর্ভুক্ত আছে জাতীয় বিধিনিষেধের এই সময়কালে গৃহহীন ব্যক্তির।

13. বাড়ি বদলানো

আপনি এখনও বাড়ি বদলাতে পারেন। আপনার পরিবারের বা [সাপোর্ট বাবল-এর](#) বাইরে থাকা ব্যক্তির বাসা বদলানোর বিষয়ে যেন সাহায্য না করেন যদি না তা একান্তই আবশ্যিক হয়।

এস্টেট এবং লেটিং এজেন্ট এবং বদলানোর সংস্থাগুলো কাজ করা চালিয়ে যেতে পারবে এবং বাড়ি বদলানোর জন্য খুঁজছেন এমন লোকজন বাড়ি দেখা চালিয়ে যেতে পারেন।

[সুরক্ষিতভাবে বাসা বদলানোর জাতীয় নির্দেশনা](#), অনুসরণ করুন, যাতে অন্তর্ভুক্ত আছে সামাজিক দূরত্ব বজায় রাখার বিষয়ে পরামর্শ এবং [মুখের আবরণ পরিধান করা](#)।

14. আর্থিক সহায়তা

ইউকে-র যে কোনো অংশের কর্মীরা তাদের চাকরি চালিয়ে যেতে পারবেন, এমনকি যদি তাদের নিয়োগকর্তারা তাদের বেতন দিতে সমর্থ নাও হন এবং তারা £2500 পর্যন্ত মাসের মাইনের অন্তত 80% পাবে।

বর্তমান সিজিআরএস-এর নমনীয়তা বজায় রাখা হবে যাতে কর্মীরা যেখানে তাদের পক্ষে সম্ভব কাজ করা চালিয়ে যেতে পারেন। ছোট বা বড়, দাতব্য বা অলাভজনক সব নিয়োগকর্তারাই এটির যোগ্য এবং যেহেতু আরো বেশি ব্যবসা বন্ধ করার প্রয়োজন হবে, তাই তাদের এখন নভেম্বর মাসের জন্য কর্মীদের শুধু ন্যাশনাল ইনস্যুরেন্স এবং পেনশনের অর্থ মেটাতে বলা হবে - যা এটাকে বর্তমানে প্রদান করা সহায়তার চেয়ে আরো বেশি উদার করে তোলে।

করোনাভাইরাস জব রিটেনশন স্কিম সমাপ্ত হওয়া পর্যন্ত জব সাপোর্ট স্কিম প্রবর্তিত হবে না।

আপনি যেখানেই বাস করুন না কেন, আপনি যার মাধ্যমে আর্থিক সহায়তা পেতে পারেন তা হচ্ছে:

- [করোনাভাইরাস জব রিটেনশন স্কিম](#)
- [জব সাপোর্ট স্কিম](#) (1 নভেম্বর থেকে)

- নিউ স্টাইল এমপ্লয়মেন্ট অ্যান্ড সাপোর্ট অ্যালাওয়েন্স